

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, খুলনা  
[www.bkkb.khulnadiv.gov.bd](http://www.bkkb.khulnadiv.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২য় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মৃধা মো: মোজাহিদুল ইসলাম  
পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা  
সভার স্থান : পরিচালক ঐর অফিস কক্ষ  
তারিখ : ০৯-১১-২০২৩ খ্রি.  
সময় : বেলা ১১.০০ টায়

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনার কার্যক্রমকে গতিশীল করার বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে প্রতিপালন করার উপর গুরুত্বারোপ করেন।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল কর্মচারীকে অধিকতর স্বচ্ছতা, সদাচরণ ও জবাবদিহিতার সাথে সম্মিলিতভাবে কাজ করার জন্য আহবান জানান। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম বাস্তবায়নে ১০০% লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অতপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল কর্মচারীকে অধিকতর স্বচ্ছতা, সদাচরণ ও জবাবদিহিতার সাথে সম্মিলিতভাবে কাজ করার জন্য ১ম প্রান্তিকের ১৭-০৮-২০২৩ খ্রি. তারিখ আয়োজন করা হয়েছিল। আয়োজিত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি জানানোর জন্য সকল কর্মচারীদের অনুরোধ করেন।	ক) ১ম প্রান্তিকের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির সকল প্রমাণক সংগ্রহ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। খ) ২য় প্রান্তিকের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে।	উপপরিচালক
২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে ১ম প্রান্তিকের সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা গত ১২-১০-২০২৩ খ্রি. তারিখ বাগেরহাট সদর উপজেলায় আয়োজন করা হয়। আয়োজিত সভার উপস্থিত কর্মকর্তাবৃন্দ বিবিধ প্রস্তাব/মতামত লিখিত আকারে উপস্থাপন করেন।	কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভা ডিসেম্বর ২০২৩ মাসে আয়োজন করতে হবে।	উপপরিচালক সহকারী পরিচালক
৩.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত ১ম প্রান্তিকে প্রশিক্ষণ গত ২৭-০৯-২০২৩ খ্রি. তারিখ আয়োজন করা হয়। ২য় প্রান্তিকের প্রশিক্ষণ ডিসেম্বর ২০২৩ মাসে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সকলে মতামত ব্যক্ত করেন।	শুদ্ধাচার সংক্রান্ত ২য় প্রান্তিকের প্রশিক্ষণ ডিসেম্বর ২০২৩ মাসের ২য় সপ্তাহে আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপপরিচালক সহকারী পরিচালক

৪.	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	কর্ম-পরিবেশ উন্নয়ন এর জন্য অফিস আজিানা ও শাখা কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সকলকে প্রয়োজনীয় দিক নির্দেশান প্রদান করা হয়।	১) কর্ম-পরিবেশ উন্নয়ন এর জন্য সকলকে স্ব-স্ব ডেস্ক পরিচ্ছন্ন রাখতে হবে। ২) নথিপত্র শ্রেণিবিন্যাস করে রাখতে হবে। ৩) অফিস ত্যাগের পর বৈদ্যুতিক সুইচ বন্ধ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক
৫.	২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়- পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করতে হবে। ক্রয়ের সকল ভাউচার ও রশিদ সংগ্রহ করতে হবে।	উপপরিচালক সহকারী হিসাবরক্ষণ অফিসার
৬.	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণে রেজিস্টার চালু করা হয়েছে।	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষিত রেজিস্টারে নিয়মিত লিপিবদ্ধ করতে হবে।	সহকারী পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুখা মো: মোজাহিদুল ইসলাম  
পরিচালক (উপসচিব)

ফোন নম্বর: ০২৪৭৭০১৯৬৬

ই-মেইল: [directorkhu@bkkb.gov.bd](mailto:directorkhu@bkkb.gov.bd)

নম্বর-০৫.৮১.০০০০.০০৩.১৬.০১৭.১৯-৯ ৫০

অনুলিপিঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৩. সহকারী পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৪. সহকারী হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।
৫. সকল কর্মচারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা।

তারিখঃ ১০-১১-২০২৩ খ্রি.

মুখা মো: মোজাহিদুল ইসলাম  
পরিচালক (উপসচিব)